14

তারিখ 07 JUL 1996

দৈনিক সংবাদ

## এসএসসি পরীক্ষার ফল

# পাসের হার ঢাকায় ৪২.২০ যশোরে ৪৩.৯৯ ভাগ

(নিজস্ব বার্তা পরিবেশক) ঢাকা ও যশোর বোর্ডের ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষার ফল গতকাল শনিবার প্রকাশিত হয়েছে। সম্মিলিত বিভাগে ঢাকা বোর্ডে পাসের হার ৪২ দশমিক ২০ শতাংশ এবং যশোর বোর্ডে ৪৩ দশমিক ৯৯ শতাংশ।

ঢাকা বোর্ডের ১ লাখ ৩৮ হাজার ৪শ' ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ৫৮ হাজার ৪শ' ১১ জন। যশোর বোর্ডে পরীক্ষা দিয়েছে ৭৪ হাজার ৯শ' ৫১ জন, পাস করেছে ৩২ হাজার ৯শ' ৭১ জন। ঢাকা বোর্ডে ১ম বিভাগ পেয়েছে ৩৩ হাজার ২শ' ৮১ জন, ২য় বিভাগ ২৭ হাজার ৭শ' ৩জন এবং ৩য়

*মেধা তালিকা ও কৃতী শিক্ষার্থীদের সাক্ষাৎকার পৃষ্ঠা -১০ এ*

বিভাগ ৪শ' ২৭ জন। যশোর বোর্ডে ১৪ হাজার ৯শ' ৩০ জন ১ম বিভাগে, ১৭ হাজার ২শ' ২৪ জন ২য় বিভাগে, এবং ৮শ' ১৭ জন ৩য় বিভাগে পাস করেছে।

বিজ্ঞান গ্রুপে ঢাকা বোর্ডে পরীক্ষায় অংশ নিয়েছে ৬৩ হাজার ৯ জন, পাস করেছে ৩৭ হাজার ৭শ' ৬৭ জন। এদের মধ্যে ২৭ হাজার ৪শ' ৬০ জন ১ম বিভাগে, ৯ হাজার ৪ শ' ৯৭ জন ২য় বিভাগে এবং ১০ জন ৩য় বিভাগে পাস করেছে।

যশোর বোর্ডে বিজ্ঞান গ্রুপে পরীক্ষা দিয়েছে ২১ হাজার ৮শ' ৫ জন। এরমধ্যে পাস করেছে ১৪ হাজার ৩শ' ৬৫ জন। এদের ১০ হাজার ১শ' ৬১ জন, ১ম বিভাগে- ৪ হাজার ১শ' ৯৬ জন ২য় বিভাগে এবং ৮ জন ৩য় বিভাগে পাস করেছে।

সমাজবিজ্ঞানে ঢাকা বোর্ডে পরীক্ষা দিয়েছে ৭৫ হাজার ৩শ' ৯১ জন, পাস করেছে ২০ হাজার ৬শ' ৪৪ জন। এদের মধ্যে ৫ হাজার ৪শ' ২১ জন ১ম বিভাগে, ১৪ হাজার ৮শ' ৬ জন ২য় বিভাগে এবং ৪শ' ১৭ জন ৩য় বিভাগে পাস করেছে।

সমাজবিজ্ঞান বিভাগে যশোর বোর্ডে ৫৩ হাজার ১শ' ৪৬ জন পরীক্ষায় অংশ নিয়ে কৃতকার্য হয়েছে ১৮ হাজার ৬শ' ৬ জন। এদের মধ্যে ৪ হাজার ৭শ' ৬৯ জন ১ম বিভাগে, ১৩ হাজার ২৮ জন ২য় বিভাগে এবং ৮শ' ৯ জন ৩য় বিভাগে পাস করেছে।

ঢাকা বোর্ডে বিজ্ঞান গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় ঢাকার ল্যাবরেটরি স্কুলের শিবাজি সরকার রানা ১ম স্থান অধিকার করেছে। সে পেয়েছে ৯৫২ নম্বর এবং ৮টি বিষয়ে লেটার। সমাজবিজ্ঞান গ্রুপের সম্মিলিত মেধা তালিকায় আইডিয়াল স্কুলের তানিয়া রহমান ৮৮৬ নম্বর এবং ৬ বিষয়ে লেটার নিয়ে ১ম স্থান অধিকার করেছে।

যশোর বোর্ডে বিজ্ঞান গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় ঝিনাইদহ ক্যাডেট কলেজের শেখ মোহাম্মদ রোকনুজ্জামান ৯৩৫ নম্বর এবং ৭টি বিষয়ে লেটার পেয়ে ১ম হয়েছে। সমাজবিজ্ঞান গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় ১ম স্থান পেয়েছে বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ঈশিতা রনি। সে পেয়েছে ৮৭৭ নম্বর এবং ৫টি বিষয়ে লেটার।